

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ২২৫.২০১৮- ৩২৬৬

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৫
৩০ জুলাই ২০১৮


বিষয় : রীট পিটিশন নং- ৬৮৭৬/২০১৮ [পিটিশনার জনাব মোঃ আবু রাশেদ, পিতা- হাফিজ ইসহাক, গ্রাম- দক্ষিণ কালির বাড়ি, রায়পুর, ডাকঘর- দোভাষীরহাট, থানা- আনোয়ারা, জেলা- চট্টগ্রাম - বনাম - সরকার ও অন্যান্য] এর আরজীর আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের ২৯.৫.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যান্ত্রিক শাখায় কর্মরত ড্রাইভার, হেলপার ও বিভিন্ন যান্ত্রিক অপারেটর পদে চাকুরীতে স্থায়ীকরণের দাবীতে পিটিশনার কর্তৃক স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৯ (নয়) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত ৫৫ (পঞ্চাশ) টি পদ আদেশের তারিখ থেকে ৩ (তিন) মাসের জন্য শূন্য রাখার আদেশ দিয়েছেন। রীটের অপরাপর প্রতিপক্ষ হলেন সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। বিজ্ঞ আদালতের রুল এবং রীটের আরজীর আলোকে সরকার পক্ষ রিটে প্রতিদ্বন্দিতার লক্ষ্যে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে দফাওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত করে ২ (দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণে ব্যর্থ হলে দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

ফোনঃ+৮৮০(২) ৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি/ মাস্টার কপি।